



বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি

(মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ)

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোনঃ ০১৭৬৯-৭২১০৩৪, ফ্যাক্সঃ +৮৮০২৫৮০৫১০১০

ই-মেইলঃ dean.feos@bmu.edu.bd, ওয়েবসাইটঃ www.bmu.edu.bd

স্মারক নং বিএমইউ/ডিন (এফইওএস)/মেরিন ফিঃ-২৬৯/২০২৫/৫৮

তারিখঃ ২৯ এপ্রিল ২০২৫

খণ্ডকালীন শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটির মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগের বিএসসি (অনার্স) ইন ফিশারিজ প্রোগ্রামের ৬ষ্ঠ ব্যাচ (শিক্ষাবর্ষ ২০২৪-২০২৫)-এর ১ম বর্ষ ১ম সেমিস্টার (মে- অক্টোবর ২০২৫ সময়ে) সেমিস্টার পরিচালনায় খণ্ডকালীন শিক্ষক নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের নিকট হতে আগামী ০৫ মে ২০২৫ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছেঃ

২। বিষয়সমূহঃ

B.Sc (Hons) in Fisheries:

Batch-6 th Semester-1 st				
Ser	Sub Code	Subject	Credit	Credit Hour
1.	MFS 1103	Marine Invertebrates	3.0	42
2.	MFS 1105	Marine Botany	2.0	28
3.	MFS 1109	Communicative English	2.0	28
4.	MFS 1110	Communicative English Lab	1.0	28

৩। শিক্ষাগত যোগ্যতাঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী। পিএইচডি/ এমফিল/ সমমান ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। এসএসসি হইতে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত ন্যূনতম ০৩টি প্রথম শ্রেণি/ বিভাগ/ সমমান গ্রেড থাকিতে হইবে। শিক্ষার কোন স্তরে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।

৪। অভিজ্ঞতাঃ

ক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং অধ্যাপকগণ নিজ প্রতিষ্ঠানে যে পদে কর্মরত আছেন বা ছিলেন এই বিশ্ববিদ্যালয়েও সেই পদেই নিযুক্ত হইবেন।

খ। স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং স্নাতকোত্তর পর্যায়ে পাঠদানকারী প্রতিষ্ঠানের শিক্ষকগণের ক্ষেত্রে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, ন্যূনতম ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং ন্যূনতম ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খণ্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য বিবেচিত হইবেন।

গ। নিয়োগকালে প্রার্থীর কর্মরত প্রতিষ্ঠানের (প্রযোজ্য ক্ষেত্রে) অনুমতি/ ছাড়পত্র থাকিতে হইবে।

৫। নিয়োগের ক্ষেত্রে প্রকাশনাধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

৬। কোর্স পরিচালনার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুসরণ করিতে হইবে।

৭। একটি সেমিস্টারে একটি কোর্স পরিচালনার জন্য খণ্ডকালীন শিক্ষক হিসাবে নিয়োজিত শিক্ষকগণকে নিম্নরূপভাবে সম্মানী প্রদান করা হইবেঃ

ক্রমিকঃ	পদবী	সম্মানী (প্রতি কন্টাক্ট আওয়ার হিসেবে)	অন্যান্য পারিতোষিক (এককালীন)	মন্তব্য
১.	অধ্যাপক	২,১০০.০০	১৩,৪০০.০০	সকল সম্মানী উৎস আয়কর কর্তনযোগ্য
২.	সহযোগী অধ্যাপক	২,০০০.০০	১৩,২০০.০০	
৩.	সহকারী অধ্যাপক	১,৮০০.০০	১৩,০০০.০০	
৪.	প্রভাষক	১,৬০০.০০	১২,৫০০.০০	

বিশেষ দ্রষ্টব্যঃ আগ্রহী প্রার্থীগণকে ০২ সেট আবেদন পত্র ডিন অফিস, আর্থ অ্যান্ড ওশান সায়ন্স অনুষদ বরাবর প্রেরণ করিতে হইবে।